

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৬৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১হাণ্ ।

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - শুফ্'আহ্

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الشَّرِيكُ شَفِيعٌ وَالشُّفْعَةُ فِي كل شَيْء» . رَوَاهُ التِّرْمِذِي قَالَ:

বাংলা

২৯৬৮-[৮] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শরীক হলো শাফী', আর প্রত্যেক [স্থাবর] জিনিসেই শুফ্'আহ্ রয়েছে। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] মুনকার : তিরমিয়ী ১৩৭১, য'ঈফাহ্ ১০০৯, য'ঈফ আল জামি' ৩৪৩৫। কারণ এর সনদে রাবী আবৃ হামযাহ্ অন্যান্য সিকাহ্ রাবীদের বিপরীতে হাদীসটিকে মাওসূল সূত্রে বর্ণনা করেছেন, কিন্তু সিকাহ্ রাবীগণ হাদীসটি মুরসাল সূত্রে বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَالشَّفْعَةُ فِيْ كُلِّ شَيْءٍ) যা স্থানান্তরযোগ্য অথবা স্থানান্তরযোগ্য নয় যারা এমন সকল বস্তর ক্ষেত্রে, শুফ্'আহ্ রয়েছে বলে উক্তি করেন তারা এ হাদীসকে দলীল হিসেবে উপস্থাপন করেছেন, কিন্তু হাদীসটি মুরসাল হওয়ার কারণে ক্রটিযুক্ত।

হাফিয ইবনু হাজার ফাতহুল বারীতে বলেনঃ বায়হাক্বী ইবনু 'আব্বাস (রাঃ) হতে মারফূ' সূত্রে হাদীস বর্ণনা করেন, (الشُّفْعَةُ فِيْ كُلِّ شَيْءٍ) "প্রত্যেক বস্তুতে শুফ্'আহ্ আছে।" এর বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। তবে মুরসাল হওয়ার কারণে তা ক্রটিযুক্ত। ত্বহাবী জাবির-এর হাদীস হতে এমন এক সানাদে এর শাহিদ বা সমর্থন বর্ণনা করেছেন। যার বর্ণনাকারীদের ব্যাপারে (لا بأس) বলা হয়েছে। (لا بأس) বলতে এমন বর্ণনাকারী যাদের হাদীস দলীলযোগ্য নয়, তবে পরীক্ষা চালানোর জন্য লেখা যাবে।



অধিকাংশ বিদ্বানগণ বলেন, শুফ্'আহ্ কেবল ঘর-বাড়ী ও জমিতে হয়ে থাকে। তারা প্রত্যেক বস্তুতে শুফ্'আর মতামত ব্যক্ত করেননি। তারা জাবির-এর হাদীস দ্বারা দলীল পেশ করেছেন, (وَاللَّهُ عِنْ اللَّهِ عَلَىٰ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهِ عَنْ اللَّهُ عَنْ اللَّهِ عَنْ اللَّهِ عَنْ اللَّهُ عَنْ اللَهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَهُ عَنْ اللَّهُ عَلَيْ اللَّهُ عَلَيْ اللَّهُ عَلَيْ اللَّهُ عَنْ اللَّهُ عَلَيْ اللَّهُ عَنْ اللَّ

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন